



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
০৭ নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ কার্যালয়
ডাকঘর : ঘোড়াধাপ, উপজেলা : জামালপুর সদর, জেলা : জামালপুর।
Email- ghoradap.up@gmail.com, http://ghoradapup.jamalpur.gov.bd

ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতি- মোঃ দ্বীন আমিন, পদবী- ইউ,পি চেয়ারম্যান।

সভার স্থান- ইউ,পি অফিস, সভার তারিখ- ১২-০৯-২০২০ খ্রিঃ, সময়- সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ-হাজিরা সংযুক্ত

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :- অধ্যকার সভা জনাব মোঃ দ্বীন আমিন ইউ,পি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে শুরু করা হলো। সভায় গত সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হল।	কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হল।	কমিটির সদস্যবৃন্দ।
০২	২০২০-২০২১ইং অর্থ বছরের উন্নয়ন প্রকল্প নিয়ে আলোচনা :- সভাপতি সাহেবের অনুমতিক্রমে ইউ,পি সচিব সাহেব ২০২০-২০২১ইং অর্থ বছরে এলজিএসপি-৩,এডিপি, টিআর, কাবিখা, কাবিটা, ইজিপিপি-র বরাদ্দকৃত অর্থ দিয়ে যে সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এবং বাস্তবায়্যধীন আছে সে সকল প্রকল্পের তালিকা সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত প্রকল্প গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	প্রকল্প গুলো সঠিক সময়ে সঠিক ভাবে শতভাগ বাস্তবায়ন করায় ইউ,পি চেয়ারম্যান সাহেবকে ধন্যবাদ দেয়া হয় এবং বাস্তবায়্যধীন প্রকল্প গুলো যথা সময়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদ।
০৩	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নলকূপ মেকানিক জনাব মোঃ সামিউল আলম সাহেব উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন।	চলতি অর্থ বছরে নলকূপের বরাদ্দ পাওয়া গেলে জনসংখ্যা ও আয়তন অনুসারে বন্টন করার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানানো হবে।	ইউনিয়ন পরিষদ।
০৪	নারী নির্যাতন, শিশু বিবাহ ও শিশুশ্রম : সভায় নারী নির্যাতন, শিশু বিবাহ ও শিশু শ্রম বন্ধে বিস্তারিত আলোচনা করা হয়	ওয়ার্ড হতে সংবাদ সংগ্রহের মাধ্যমে নারী নির্যাতন ও শিশু বিবাহ বন্ধে কার্যকরী ব্যবস্থা গ্রহন করা হবে এবং শিশু শ্রমিকদের তালিকা তৈরী করা হবে।	সংশ্লিষ্ট বিষয়ের ওয়ার্ড ও ইউনিয়ন কমিটি এবং ইউ,পি ও উপজেলাপরিষদ।
০৫	সমাজসেবা, শিক্ষা, এলজিইডি, মৎস্য, প্রাণী সম্পদ, কৃত্রিম প্রজনন : সভায় সমাজসেবা, শিক্ষা, এলজিইডি, মৎস্য, প্রাণী সম্পদ, কৃত্রিম প্রজনন বিভাগের কোন প্রতিনিধি না থাকায় কোন আলোচনা করা সম্ভব হল না।	সভায় সমাজসেবা, শিক্ষা, এলজিইডি, মৎস্য, প্রাণী সম্পদ, কৃত্রিম প্রজনন বিভাগের কোন প্রতিনিধি না থাকায় দুঃখ প্রকাশ করা হয়। পরবর্তী সভায় যেন সংশ্লিষ্ট বিভাগের সকল প্রতিনিধি তথ্যসহ উপস্থিত থাকেন তার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়।	ইউপি চেয়ারম্যান ও উপজেলা পরিষদ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে

মোঃ দ্বীন আমিন
চেয়ারম্যান
০৭ নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ
উপজেলা জামালপুর সদর, জামালপুর।